

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক শাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৪.২০১৬.৪৫০

তারিখ: ১৮/০৯/২০১৭ খ্রি:

বিষয় : শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন ৮১টি নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় ও ৪৫টি উচ্চ মাধ্যমিক কলেজের কোড/স্তর পরিবর্তন সংক্রান্ত।

সূত্র : অর্থ বিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.১০২.০২০.০৩৭.২০১৪-৫৫১ তারিখ : ২১.০৮.২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয়সূত্রে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে নিয়ম বহির্ভূতভাবে কোড পরিবর্তনকৃত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কোড পরিবর্তন বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে ৯ম জাতীয় সংসদে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গঠিত ৮নং সাব-কমিটির মূল রিপোর্ট স্থায়ী কমিটির ৩৪তম বৈঠকে গ্রহণ করা হয়। কোড পরিবর্তনের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণের নির্দেশনা থাকায় ৪৫টি কলেজকে ডিগ্রি পর্যায়ে এবং ৮১টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে কোড পরিবর্তনের লক্ষ্যে আর্থিক সংশ্লেষ (৬,২০,০২,৯০০+১০,৮১,৮৬,৭২৫)= ১৭,০১,৮৯,৬২৫ (সতের কোটি এক লক্ষ ঊননব্বই হাজার ছয়শত পঁচিশ) টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়।

০২. অর্থ বিভাগ ৪৫টি কলেজকে ডিগ্রি পর্যায়ে এবং ৮১টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় কে মাধ্যমিক পর্যায়ে এম.পি.ও.ভুক্ত করার বিষয়ে গত ০৯.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করে :

(ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ “এম.পি.ও. নির্দেশিকা-২০১০ (মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত)” এর আলোকে প্রস্তাবিত ৮১টি বেসরকারি নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়কে মাধ্যমিক স্তরে এবং ৪৫ টি বেসরকারি কলেজকে ডিগ্রি স্তরে কোড পরিবর্তনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে ;

(খ) স্তর পরিবর্তনের বিষয়ে যে ধরনের সিদ্ধান্তই গৃহীত হোক না কেন বিদ্যমান শিক্ষক/কর্মচারীগণ বর্তমানের ন্যায় এম.পি.ও. খাতের বরাদ্দ হতে তাদের বেতন-ভাতাদি পাবেন।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারি, ২০১০-এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) এ বর্ণিত ১৮(১) বিধানবলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এম.পি.ও. স্থগিত, আংশিক বা সম্পূর্ণ কর্তন কিংবা বাতিল করার অধিকার একমাত্র মন্ত্রণালয় সংরক্ষণ করে।

০৪. এমতাবস্থায়, অর্থ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী “এম.পি.ও. নির্দেশিকা-২০১০ (মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত)” এর আলোকে নিম্নোক্ত শর্তে ৮১ (একাত্তার) টি নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় কে মাধ্যমিক স্তরে এবং ৪৫ (পয়তাল্লিশ)টি উচ্চ মাধ্যমিক কলেজ কে ডিগ্রি স্তরে কোড পরিবর্তনে নির্দেশক্রমে সরকারের সদয় সম্মতি জ্ঞাপন করা হলো :

শর্ত :

“স্তর পরিবর্তনের বিষয়ে যে ধরনের সিদ্ধান্তই গৃহীত হোক না কেন বিদ্যমান শিক্ষক/কর্মচারীগণ বর্তমানের ন্যায় এম.পি.ও. খাতের বরাদ্দ হতে তাদের বেতন-ভাতাদি পাবেন ”।

সংযুক্তি : বর্ণনামতে

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা



(নুসরাত জাবীন বানু)

উপসচিব


ফোন : ৯৫৪০৫১৭

নং-৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৪.২০১৬.৪৫০

তারিখ: ১৮/০৯/২০১৭ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত-সচিব, মাধ্যমিক-১/২, কলেজ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব (রাজস্ব বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম্‌স এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।


(নুসরাত জাবীন বানু)
উপসচিব